

২০২১

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

মডিউল - ১

- ১। (ক) 'শজারুর কাঁটা' কাহিনির নামকরণ কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০  
অথবা,  
(খ) 'শজারুর কাঁটা' উপন্যাসের দেবশিস ও দীপার বিবাহিত জীবন ও তার পরিণতির পরিচয় দাও। ১০
- ২। (ক) 'মহাকাশের দূত' গল্প অবলম্বনে মঙ্গল গ্রহের পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) 'আমার এই ছেয়টি বছরের জীবনে পৃথিবীর অনেক জায়গা থেকে অনেকবার অনেক রকম নেমস্তন পেয়েছি। কিন্তু এবারেরটা একেবারে অভিনব।'— বক্তা কে? কোন গল্পের অংশ? এবারের নেমস্তনের অভিনবত্বের কারণ আলোচনা করো। ১+১+৮
- ৩। (ক) 'একে বারে আহিরিটোলার বাড়িতে গিয়ে উঠলাম।' — কোন গল্পের অংশ? কে, কোন পরিস্থিতিতে আহিরিটোলার বাড়িতে গিয়ে উঠেছিলেন? তার পরবর্তী ঘটনার বর্ণনা দাও। ১+২+৭  
অথবা,  
(খ) 'দামুকাকার বিপত্তি'— গল্পের দামুকাকার চরিত্র বিশ্লেষণ করো। ১০
- ৪। (ক) প্রতিহিংসা চরিতার্থ করতে মানুষ কতটা ক্ষতিকারক হয় তার প্রমাণ 'শজারুর কাঁটা' উপন্যাসের প্রবাল চরিত্রে পাওয়া যায়;— প্রবাল এই প্রতিহিংসা চরিতার্থ করতে কী কী পথ অবলম্বন করেছিল? ৫  
অথবা,  
(খ) নৃপতি লাহা কে? তার বাড়ির সাম্রাজ্যকালীন আড্ডার পরিচয় দাও। ১+৪

Please Turn Over

- ৫। (ক) 'অ্যাদিনে অবিনাশবাবু আমার বৈজ্ঞানিক প্রতিভা স্বীকার করলেন।' বক্তা কে? কোন গল্পের অংশ? বক্তার এমন ধারণার কারণ কী? ১+১+৩

অথবা,

- (খ) 'প্রফেসর শঙ্কু ও ম্যাকাও' গল্পের ম্যাকাও-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ৬। (ক) 'পেনিটিতে' গল্পে যে মজার ভূতের দেখা পাওয়া গিয়েছিল তার পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) লীলা মজুমদারের 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের অন্তর্গত 'লক্ষ্মী' গল্পের লক্ষ্মী চরিত্রটির বর্ণনা দাও। ৫
- ৭। যে-কোনো একটি-র টীকা লেখো। ৫×১

- (ক) ব্যোমকেশবাবু  
(খ) এভলিউটিন  
(গ) আকাশ পিদ্মি।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) 'শজারুর কাঁটা' — শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের কোন সিরিজের কাহিনি?  
(খ) 'শজারুর কাঁটা' গল্পের অস্থায়ী চায়ের দোকানটি কোথায় অবস্থিত ছিল?  
(গ) খজ্জা বাহাদুর কে?  
(ঘ) দীপার বান্ধবী দীপার কানে কানে কোন কবির কবিতা শুনিয়েছিল?  
(ঙ) দেবাশিসের ফ্যাক্টরির নাম কী ছিল?  
(চ) 'আমার আবিষ্কারের চেয়ে তার মূল্য নাকি অনেক বেশি' — উক্তিটি কার?  
(ছ) সন্ধ্যার সময় গোলকের রংটি কীরকম দেখতে লাগে?  
(জ) ক্লাগের বিশাল সম্পত্তির উৎস কী?  
(ঝ) সত্যজিৎ রায়-এর শঙ্কু সিরিজের প্রথম গল্পের নাম লেখো।  
(ঞ) ভিক্টর ফ্র্যাঙ্কেনস্টাইন কে ছিলেন?  
(ট) লীলা মজুমদারের 'সব ভুতুড়ে' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?  
(ঠ) 'বুক পকেটের ভিতরে হীরের আংটি জ্বল্জ্বল করছে।' — কার বুক পকেটের কথা বলা হয়েছে?  
(ড) উনোর বাবা কার কাছ থেকে কাঠপুতলি পেয়েছিল?  
(ঢ) হাট থেকে ফিরবার পথে দামুকাকার মাথা কিম্বিকিম্বি করছিল কেন?  
(ণ) লাটুবাবুকে বার বার বাড়ি ছাড়তে হতো কেন?